

চবি প্রশাসনের সঙ্গে ছাত্রলীগের আলোচনা ব্যর্থ : অবরোধ চলবে

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে আলোচনা ফলপ্রসূ না হওয়ায় ছাত্রলীগ অবরোধ প্রত্যাহার না করার ঘোষণা দিয়েছে। শুক্রবার গভীর রাত পর্যন্ত

উপাচার্যের সঙ্গে ছাত্রলীগের বৈঠক চলাকালে ছাত্রলীগ ১০টি দাবি পেশ করে তা মেনে নেয়ার আহ্বান জানায়। কিন্তু উপাচার্য সুস্পষ্ট কোন প্রতিশ্রুতি না দেয়ার কারণে ছাত্রলীগ আগের অবস্থানে অটল থাকে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্লাবে (শহর) সন্ধ্যা ৭টা থেকে উভয়ের মধ্যে আলোচনা শুরু হয়। উপাচার্য প্রফেসর এজেএম নুরুদ্দীন চৌধুরী ছাড়াও প্রশাসনের পক্ষ থেকে প্রক্টর প্রফেসর মোঃ আবদুল হাকিম ও সহকারী প্রক্টর ড. শফিকুল আলম উপস্থিত ছিলেন।

চবি ছাত্রলীগের পক্ষ থেকে উপস্থিত ছিলেন সভাপতি মাহবুব এলাহী, সাধারণ সম্পাদক কাজী মাজহারুল ইসলাম, সহ-সভাপতি জহিরুল আহসান সুমন, শাহজাহান খান সম্রাট প্রমুখ। উপাচার্য ছাত্রলীগকে অবরোধ প্রত্যাহারের অনুরোধ জানিয়ে বলেন, ছাত্রলীগের নৈতিক দাবিগুলো মেনে নেয়া হবে। কিন্তু শেষ পর্যন্ত আলোচনার অগ্রগতি না হওয়ায় ছাত্রলীগ আগের অবস্থানে ফিরে যায়।